# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ৫১৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি তার প্রতিবেশীকে কিছু তরকারী দিবে; খুব কার্পণ্য করে দিবে না আবার সীমালঙ্ঘন করে অনেক বেশিও দিবে না

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ غَرْفَ الْمَرْءِ مِنْ مَرَقَتِهِ لِجِيرَانِهِ إِنَّمَا يَغْرِفُ لَهُمْ مِنْ غَيْرِ إِسْرَافٍ وَلَا تَقْتِيرٍ

---

আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مُحَمَّدٌ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي عِمْرَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ أَبِي ذَرٍّ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا صَنَعْتَ مَرَقَةً فَأَكْثِرْ مَاءَهَا ثُمَّ انْظُرْ أَهْلَ بيت من جيرانك فاحْسُهُمْ منها بمعروف.)

الراوي : أَبو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 515 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫১৫. আবু যার রাদ্বিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যখন তুমি তরকারী রান্না করবে, তখন তাতে পানি একটু বেশি দিবে তারপর তোমার প্রতিবেশীর পরিবারের খোঁজ নিবে এবং তাদেরকে সেখান থেকে ন্যায়সঙ্গতভাবে কিছু দিবে।”[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৩/৮৮; মুসনাদ আহমাদ: ৫/১৬১; আদাবুল মুফরাদ: ১১৩; সহীহ মুসলিম: ২৬২৫; দারেমী: ২/১০৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৯১।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১২৬৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88979

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন